



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

টেলিফোন : ৭১৬২৬১৪, ৯৫৫৮৬০৭
ফ্যাক্স :- ৯৫৬১২১১
ই-মেইল : md@krishibank.org.bd

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়।

ডিওনং-প্রকা/শানিবাউবি-১(১০২)এমসি-১৬/২০১৭-১৮/৮১৩(১২৫০)

তারিখঃ ০৫-০৩-২০১৮ইং

প্রিয় সহকর্মীবন্দ,

বাংলাদেশ কৃষি ব্যাংক এ ব্যবস্থাপনা পরিচালক হিসেবে আমি বিগত ১৪-০২-২০১৮ তারিখে যোগদান করি। ব্যাংকটি ধারাবাহিক মূলধন ঘাটতি, ক্রমাগত লোকসান, শ্রেণীকৃত ঋণের আধিক্য, প্রতিশন ঘাটতি ইত্যাদিসহ বহুবিধ ঋণাত্মক সূচক নিয়ে দীর্ঘদিন যাবৎ পরিচালিত হয়ে আসছে। বর্তমান অবস্থা হতে উত্তোরন ঘটিয়ে ব্যাংকের সার্বিক ব্যবসায়িক পারফরমেন্স উন্নীত করার কোন বিকল্প নেই। মার্চ পর্যায়ের সকলের অক্লান্ত পরিশ্রম, নিরবচ্ছিন্ন প্রচেষ্টা, আন্তরিকতা, সুপরিকল্পিতভাবে ও দক্ষতার সাথে ব্যাংকের যাবতীয় কাজ সম্পাদনের মাধ্যমে ব্যাংকটি একটি সম্মানজনক অবস্থায় পৌঁছানো সম্ভব হবে বলে আমি দৃঢ়তার সাথে বিশ্বাস করি। আর এজন্য ব্যক্তিগতভাবে আমি সব সহকর্মীদের ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

০২। ইতোমধ্যে ২০১৭-২০১৮ অর্থবছরের ০৮(আট) মাস অতিক্রান্ত হয়েছে। বিগত আট মাসে ব্যাংকের আমানত সংগ্রহ, ঋণ আদায় ও ঋণ বিতরণ পরিস্থিতি আনুপাতিক লক্ষ্যমাত্রার তুলনায় অনেক পিছিয়ে রয়েছে। বাৎসরিক ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে প্রধান কার্যালয় হতে প্রদত্ত নির্দেশনা সঠিকভাবে পরিপালন করার জন্য সকলকে আন্তরিক হবার আহবান জানাচ্ছি।

০৩। বিগত ফেব্রুয়ারী ২০১৮ই ভিত্তিক ব্যাংকের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায় পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

খাতের নাম	৩০-০৬-২০১৭ এর স্থিতি/অর্জন	বার্ষিক লক্ষ্যমাত্রা	আনুপাতিক লক্ষ্যমাত্রা (৮মাসের)	আনুপাতিক লক্ষ্যমাত্রার বিপরীতে	
				অর্জন	কম/বেশি
১	২	৪	৫	৬	৭
আমানত সংগ্রহ	১৫৪১.১৯	৩৪৪০.৩০	২২৯৩.৫৩	৭৩৯.০৬	-১৫৫৪.৪৭
আমানত স্থিতি	২২৫৫৯.৭০	২৬০০০.০০	২৪৮৫৩.২৩	২৩২৯৮.৭৬	-১৫৫৪.৪৭
কৃষি ঋণ বিতরণ	৪৯৩১.৬২	৫৫০০.০০	৩৬৬৬.৬৭	৩১৭৩.৩৯	-৪৯৩.২৮
এসএমই ঋণ	৬১১.৩৭	১৪০০.০০	৯৩৩.৩৩	৫০৭.৯০	-৪২৫.৪৩
কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প	৩০৫.৯৯	৬০০.০০	৪০০.০০	৮৩.১৮	-৩১৬.৮২
বৈদেশিক বাণিজ্য	৪৪০.৩৮	২৫০০.০০	১৬৬৬.৬৭	১৪৬৩.৭৯	-২০২.৮৮
মোট ঋণ বিতরণ	৬২৮৯.৩৬	১০০০০.০০	৬৬৬৬.৬৭	৫২২৮.২৬	-১৪৩৮.৪১
অনাদায়ী ঋণ স্থিতি	১৮২৮৫.৮৬	২০০০০.০০	১৯৪২৮.৬৬	১৮২০১.৬২	-১২২৭.০৪
শ্রেণীযোগ্য ঋণ আদায়	৩৯৩৩.৫৫	৪৬৫০.০০	৩১০০.০০	২৮৪২.২৫	-২৫৭.৭৫
শ্রেণীকৃত ঋণ আদায়	১৫৪১.৬৯	২০০০.০০	১৩৩৩.৩৩	৬৬২.৩৭	-৬৭০.৯৬
মোট ঋণ আদায়	৬০৬৯.০৬	৬৬৫০.০০	৪৪৩৩.৩৩	৩৫০৪.৬২	-৯২৮.৭১
বৈদেশিক রেমিটেন্স	১৩৩০.৩৪	২০০০.০০	১৩৩৩.৩৩	৮৬৩.৭৩	-৪৬৬.৬০
৫২- স্থগিত সুদ	২৬৪.৪৬	৪০০.০০	২৬৬.৬৭	১১৫.৪৬	-১৫১.২১

চলমান পাতা-০২

০৪। আমানত সংগ্রহঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক দীর্ঘ ৪৮ বছরের একটি ঐতিহ্যবাহী ব্যাংক। দেশব্যাপী ১০৩১ টি শাখার মাধ্যমে পরিচালিত ব্যাংকটির বর্তমান আমানত ২৩২৯৮.৭৬ কোটি টাকা, যা ব্যাংকের বয়স ও শাখার তুলনায় যথার্থ নয় বলে অনুমেয়। এমনকি লক্ষ্যমাত্রার বিপরীতে ফেব্রুয়ারী ২০১৮ইং ভিত্তিক আমানত সংগ্রহের অর্জন মোটেও সন্তোষজনক নয়। আমানত ব্যাংকের “লাইফ ব্লাড”। আমানত বৃদ্ধির মাধ্যমে পরিচালন ব্যয় তথা Cost of Capital কমানোর প্রয়াসে আমানত সংগ্রহের নতুন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন। তাই চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রার অতিরিক্ত আরও ২০% বাবদ ৬৮৮.০৬ কোটি টাকা সহ মোট ৪১২৮.৩৬ কোটি টাকা অর্থাৎ সর্বমোট আমানত স্থিতির লক্ষ্যমাত্রা ২৬৬৮৮.০৬ কোটি টাকা পুনঃনির্ধারণ করা হলো, যা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। এলক্ষ্যে প্রত্যেক শাখা/অঞ্চল/বিভাগের ধার্যকৃত বার্ষিক আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রার আরও ২০% অতিরিক্ত আমানত সংগ্রহ করতে হবে এবং আমানত সংগ্রহের যাবতীয় কলাকৌশল অবলম্বন করে সুদবিহীন এবং কম সুদবাহী আমানত সংগ্রহের মাধ্যমে সুদ্র আমানতের ভিত্তি গড়ে তুলতে হবে। শাখার প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে ৫০টি সঞ্চয়ী/চলতি আমানত হিসাব খুলতে হবে। বিগত ০১ মার্চ ২০১৮ইং তারিখ হতে আমানতের সুদের হার বৃদ্ধি এ লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করবে।

০৫। ঋণ বিতরণঃ

লক্ষ্যমাত্রার বিপরীতে ঋণ বিতরণও সন্তোষজনক নয়। তাই আরও অধিক হারে গুণগত ঋণ বিতরণের মাধ্যমে চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে অতিরিক্ত আরও ১৫% বাবদ ১৫০০.০০ কোটি টাকা সহ সর্বমোট ১১৫০০.০০ কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হলো, যা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। এলক্ষ্যে প্রত্যেক শাখা/অঞ্চল/বিভাগের ধার্যকৃত বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আরও ১৫% অতিরিক্ত ঋণ বিতরণ করতে হবে। এছাড়া সময়মত ঋণ নবায়ন করতে হবে এবং ব্যাংকের পূর্বের ভাল গ্রাহক ফিরিয়ে আনার প্রচেষ্টা গ্রহন করতে হবে।

০৬। ঋণ আদায়ঃ

ঋণ আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনেও আমরা অনেক পিছিয়ে আছি। বিশেষ করে গত বছরের একই সময়ের তুলনায় ঋণ আদায় ৬২০.৯৮ কোটি টাকা কম। খেলাপী ঋণ নগদে আদায় শুধুমাত্র আদায় লক্ষ্যমাত্রা অর্জনেই সহায়তা করেনা বরং ঋণ প্রদানে নতুন তহবিল সরবরাহ সহ অনারোপিত সুদ আরোপ ও সুদ অনিশ্চিত খাত হতে আয় হিসাবে স্থানান্তরের মাধ্যমে ঋণ আদায়, বিতরণ, ৫২ স্থগিত সুদ খাতে স্থানান্তরের মাধ্যমে আয় বৃদ্ধি করে থাকে। তাই চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে অতিরিক্ত আরও ১৫% বাবদ ৯৯৭.৫০ কোটি টাকা সহ সর্বমোট ৭৬৪৭.৫০ কোটি টাকা ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হলো; যে কোন মূল্যে ঋণ আদায় লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। ৩১শে মার্চ, ২০১৮ এর মধ্যে NCL ও WCL-2 শতভাগ আদায় নিশ্চিত করতে হবে। নতুন করে কোন ঋণ শ্রেণীকৃত হতে দেয়া যাবে না। এলক্ষ্যে প্রত্যেক শাখা/অঞ্চল/বিভাগের ধার্যকৃত বার্ষিক ঋণ আদায় লক্ষ্যমাত্রার আরও ১৫% অতিরিক্ত ঋণ আদায় করতে হবে। ঋণ ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়নের জন্য সময়মত ঋণ হিসাব নবায়ন করা, নতুনভাবে শ্রেণীকরণরোধ, মেয়াদোত্তীর্ণ ও সীমিতরিক্ত ঋণের ক্ষেত্রে সীমিতরিক্ত টাকা আদায় করে প্রযোজ্য ক্ষেত্রে নবায়ন/আদায় নিশ্চিত করতে হবে। শ্রেণীবিন্যাসিত ঋণ যথাযথ ডাউন পেমেন্ট (Down Payment) আদায় পূর্বক ঋণ গ্রহীতার নগদ প্রবাহের সাথে সামঞ্জস্য রেখে পুনঃতফসিলের মাধ্যমে Non Performing Asset কে Performing Asset এ রূপান্তর করতে হবে। ইতোমধ্যে পুনঃতফসিলকৃত ঋণ হিসাবসমূহ নিয়মিত রাখার তদারকী জোড়দার করতে হবে। অবলোপনকৃত ঋণ আদায় ব্যাংকের আয় তথা সঞ্চয়িতিকে শক্তিশালী করে বিধায় অবলোপনকৃত ঋণ আদায়কে জোরদার করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বিদ্যমান নীতিমালার আওতায় সুদ মওকুফের মাধ্যমেও ঋণ আদায়কে ত্বরান্বিত করার উদ্যোগ গ্রহন করতে হবে। ঋণ আদায়ের লক্ষ্যে ইতোমধ্যে দায়েরকৃত মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট আইনজীবির সাথে আলোচনা করে কার্যকরী পদক্ষেপ গ্রহনের মাধ্যমে বিচারাধীন মামলা হ্রাস করতে হবে। কোন ঋণকেই তামাদিতে পরিনত করা যাবে না।

চলমান পাতা-০৩

০৭। অন্যান্যঃ


কাজের সুষ্ঠু ও সুন্দর পরিবেশ বজায় রাখার স্বার্থে শাখা/কার্যালয়কে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। প্রয়োজনে শাখা/কার্যালয়ের বর্তমান আসবাবপত্রের পরিবর্তে নতুন আসবাবপত্র সংগ্রহ করতে হবে।

০৮। উপরোক্ত অবস্থার প্রেক্ষাপটে আগামী জুন ২০১৮ মধ্যে সম্ভাব্য সকল কলাকৌশল অবলম্বনপূর্বক আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের পুনঃনির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে ব্যাংকের যাবতীয় কর্মকাণ্ডে অধিকতর গতিশীলতা আনয়নের নিমিত্তে এখন থেকেই সকলের স্বদিচ্ছা, বলিষ্ট নেতৃত্ব ও সহযোগিতা একান্ত প্রয়োজন। এছাড়া জুন ২০১৭ ও ডিসেম্বর ২০১৭ ভিত্তিক যে সকল শাখা লোকসান বহন করেছে, সে সকল শাখাকে লাভজনক শাখায় পরিণত করতে হবে এবং নতুনভাবে কোন শাখাকে লোকসানী শাখায় পরিণত হতে দেয়া যাবে না।

০৯। ব্যাংক একটি সেবামুখী ও ব্যবসায়িক প্রতিষ্ঠান। সেবা প্রদানের পাশাপাশি মুনাফা অর্জন ব্যাংকের অন্যতম লক্ষ্য। তাই পর্যাঙ্ক সুদবিহীন ও কমসুদবাহী কোর আমানত সংগ্রহ, অধিক নতুন ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণ আদায়, ৫২ হুগিত খাতের ঋণ আদায়, Ancillary ব্যবসা সম্প্রসারণ, বৈদেশিক বানিজ্য ব্যবসা সম্প্রসারণ ইত্যাদি এর মাধ্যমে আয় বৃদ্ধি ও নিয়ন্ত্রণযোগ্য ব্যয় হ্রাস করে আগামী ৩০-০৬-২০১৮ইং তারিখে ব্যাংকটিকে লাভের ধারায় ফিরিয়ে আনার কোন বিকল্প নেই।

১০। সকলের আন্তরিক প্রচেষ্টা ও নিরলস পরিশ্রমের মাধ্যমে ২০১৭-২০১৮ অর্থবছরে আমাদের প্রিয় ব্যাংকটিকে লাভজনক ব্যাংকে রূপান্তরই হোক আমাদের নতুন লক্ষ্যমাত্রা। আর এ লক্ষ্যে আসুন আমরা সকলে মিলে একসাথে কাজ করি। পরিশেষে আমি সকল সহকর্মীদের ব্যক্তি ও পরিবারিক জীবনে সুখ, শান্তি, সমৃদ্ধি এবং ব্যাংকের সার্বিক সাফল্য কামনা করছি।

সকল মহাব্যবস্থাপক
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।


শুভেচ্ছান্তে,

(মোঃ আলী হোসেন প্রধানিয়া)
ব্যবস্থাপনা পরিচালক

ডিওনং-প্রকা/শানিবিউবি-১(১০২)এমসি-১৬/২০১৭-১৮/৮১৩(১২৫০)

তারিখঃ ০৫-০৩-২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল সহকারী-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।


(ঠাকুর দাস কুদ্দু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ